



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং - ১

১৫ জ্যৈষ্ঠ ১৪৩১
তারিখ: -----
২৯ মে ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

**বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়নের মেয়াদের জন্য
গ্রাহক পর্যায়ে নির্ধারিত রেয়াতি সুদ/মুনাফা আরোপ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

এ বিভাগ কর্তৃক গঠিত পুনঃ অর্থায়ন স্কিম সংশ্লিষ্ট নীতিমালাসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে বিতরণকৃত কৃষি ও পল্লী ঋণ/বিনিয়োগের বিপরীতে নির্ধারিত মেয়াদের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্কিমে অংশগ্রহণকারী সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অল্প সুদে/মুনাফায় পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করে থাকে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, স্কিমের আওতায় পুনঃ অর্থায়নকৃত ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ স্থিতির উপর কোনো কোনো ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়নপ্রাপ্ত মেয়াদের জন্য প্রযোজ্য রেয়াতি সুদ/মুনাফা হারের অতিরিক্ত সুদ/মুনাফা হার আরোপ করছে।

এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, এ বিভাগ কর্তৃক গঠিত পুনঃ অর্থায়ন স্কিমসমূহের আওতায় পুনঃ অর্থায়নকৃত ঋণ/বিনিয়োগের সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ স্থিতির উপর পুনঃ অর্থায়ন সুবিধাপ্রাপ্ত মেয়াদের জন্য গ্রাহক পর্যায়ে নির্ধারিত রেয়াতি সুদ/মুনাফার অতিরিক্ত সুদ/মুনাফা আরোপ করা যাবে না।

আপনাদের বিশ্বস্ত,

(কানিজ ফাতেমা)

পরিচালক (এসিডি)

ফোন: ৯৫৩০১৩৮